

উপস্থিত:

বিচারপতি জনাব এম. ইনায়েতুর রহিম

এবং

বিচারপতি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
১৪ জুন ২০২১ খ্রিস্টাব্দ

জনাব, জয়নুল আবেদীন, অ্যাডভোকেট সঙ্গে

জনাব, এমদাদুল হক (বসির), অ্যাডভোকেট

----আবেদনকারীর পক্ষে।

জনাব অরবিন্দ কুমার রায়, ডেপুটি অ্যাটর্নী জেনারেল সংঙ্গে

জনাব বিপুল বাগমার, ডেপুটি অ্যাটর্নী জেনারেল

জনাব মোঃ সেলিম আজাদ, সহকারী অ্যাটর্নী জেনারেল

জনাব মোঃ সিরাজুল আলম ভূঁইয়া, সহকারী অ্যাটর্নী জেনারেল
এবং

জনাব মোঃ দেলোয়ার হোসাইন, সহকারী অ্যাটর্নী জেনারেল

----রেসপন্ডেন্ট নং-১।

প্রতিপক্ষগণকে এই মর্মে কারণ দর্শাতে বলা

হলো যে, কেন আবেদনকারীর বিরুদ্ধে বিভিন্ন মিথ্যা ও
হয়রানীমূলক ফৌজদারী মামলা দায়েরে জড়িত ব্যক্তিদের
বিরুদ্ধে অনুসন্ধান পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণে নির্দেশ
দেওয়া হবে না বা অত্র আদালতের বিবেচনায় যথাযথ
প্রচারযোগ্য এতদসংশ্লিষ্ট অন্যবিধ আদেশ বা অধিকতর
আদেশ বা আদেশ সমূহ প্রচারিত হবে না।

রুলটি বিচারাধীন থাকাবস্থায় প্রতিপক্ষ নং-৪,
অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক, ক্রিমিনাল
ইন্ভেস্টিগেশন ডিপার্টমেন্ট (সিআইডি)-কে
দরখাস্তকারীর বিরুদ্ধে বিভিন্ন হয়রানীমূলক মামলা
দায়েরের সাথে জড়িত ব্যক্তিগণকে চিহ্নিত ও প্রয়োজনীয়
আইনগত ব্যবস্থা গ্রহণক্রমে অত্র আদেশ প্রাপ্তির
৬০(ষাট) কার্য দিবসের মধ্যে অত্র আদালতে একটি
প্রতিবেদন জমা দানের নির্দেশ দেয়া হলো।

ইতোমধ্যে অত্র আদালত ভূয়া ওয়ারেন্ট ও ভূয়া
মামলায় ভুক্তভোগীদের হয়রানি বন্ধে রীট পিটিশন নং-
১৪১৮০/২০১৯ -এ কতিপয় নির্দেশনা প্রদান করেছে।
প্রতিপক্ষগণকে উক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে
প্রতিপালনের নির্দেশ দেয়া হলো।

উপরন্তু, বর্তমান সময় হতে থানায় বা সংশ্লিষ্ট

আদালত ও ট্রাইব্যুনালে এজাহার/অভিযোগ দায়ের করার
সময় অভিযোগকারীর পরিচয় যথাযথভাবে নিশ্চিত হওয়া
এবং সে লক্ষ্যে সংশ্লিষ্টদের নিম্নোক্ত পদক্ষেপ সমূহ
গ্রহণের নির্দেশ দেয়া যাচ্ছে-

- ১) অভিযোগে/এজাহারে অভিযোগকারীর জাতীয়
পরিচয়পত্রের নম্বর, ক্ষেত্রমত পাসপোর্ট নম্বর উল্লেখ
করতে হবে;
- ২) এজাহারকারীর জাতীয় পরিচয়পত্র না থাকলে
সেক্ষেত্রে এজাহারকারীকে সনাক্তকারী ব্যক্তির জাতীয়
পরিচয়পত্রের নম্বর উল্লেখ করতে হবে;
- ৩) এ ছাড়াও বিশেষ বাস্তব পরিস্থিতিতে জাতীয়
পরিচয়পত্র বা পাসপোর্ট নম্বর লভ্য (available)
না হলে সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তা এজাহারকারীর পরিচয়
নিশ্চিত হওয়ার জন্য স্বীয় বিবেচনায় অন্যান্য যথাযথ
পদ্ধতি গ্রহণ করবেন;
- ৪) আদালত কিংবা ট্রাইব্যুনালে অভিযোগ দাখিলের ক্ষেত্রে
অভিযোগকারীর জাতীয় পরিচয় পত্র বা পাসপোর্ট না
থাকলে সংশ্লিষ্ট আইনজীবী অভিযোগকারীকে সনাক্ত
করবেন;
- ৫) অভিযোগকারী প্রবাসী কিংবা বিদেশী নাগরিক হলে
সংশ্লিষ্ট দেশের পাসপোর্ট নম্বর উল্লেখ করতে হবে।

অত্র রুলটি ০৪ (চার) সপ্তাহের মধ্যে ফেরত
যোগ্য।

দরখাস্তকারীকে নোটিশ জারীর জন্য প্রয়োজনীয়
তলবানা ৭২ ঘন্টার মধ্যে জমা দেয়ার নির্দেশ দেয়া
হলো।

আদেশের কপি প্রয়োজনীয় অবগতি ও ব্যবস্থা
গ্রহণের জন্য প্রেরণ করা হোক-

১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

- ২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়;
- ৩। মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ (অত্র আদেশের বিষয়ে দেশের সকল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অবহিত করবেন);
- ৪। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (অত্র আদেশ নিম্ন আদালত/ট্রাইব্যুনাল সমূহকে অবহিত করবেন);
- ৫। অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক, সিআইডি।